দেশের উন্নয়নে প্রবাসীদের ভূমিকা রাখার আহ্বান প্রধানমন্ত্রীর



ছবি: সংগৃহীত

দেশের উন্নয়ন ও মানুষের কল্যাণে প্রবাসী এবং দেশে বসবাসকারী নাগরিকদের সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করা গেলে দেশের ভেতরে ও বিদেশে থাকা সব নাগরিকই এর সুফল পাবেন।

বুধবার (২৮ অক্টোবর) সন্ধ্যায় জাপানের টোকিওর নিউ ওতানি হোটেলে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান উপস্থিত ছিলেন।

শিক্ষা খাতে উন্নয়ন পরিকল্পনার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী জানান, আগামী বছর থেকে স্কুলে ইংরেজির পাশাপাশি জাপানিসহ জার্মান, ফরাসি ও অন্যান্য বিদেশি ভাষা শেখানোর উদ্যোগ নেওয়ার প্রত্যাশা রয়েছে। এতে শিক্ষার্থীদের উচ্চশিক্ষা ও আন্তর্জাতিক কর্মসংস্থানের সুযোগ বাড়বে। পাশাপাশি খেলাধুলা ও সংস্কৃতিচর্চায়ও গুরুত্ব দেওয়ার কথা বলেন তিনি।

স্বাস্থ্য খাতে আগামী পাঁচ বছরে উপজেলা হাসপাতালের শয্যাসংখ্যা ৫০ থেকে বাড়িয়ে ১৫০ করার পরিকল্পনার কথা জানান প্রধানমন্ত্রী। উপজেলা পর্যায়ে ডায়ালাইসিসসহ বিশেষায়িত সেবা সম্প্রসারণ এবং প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা জোরদারে এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগের পরিকল্পনাও তুলে ধরেন তিনি। এ কর্মীদের ৮০ শতাংশ নারী হবেন বলে জানান।

জাপানের শ্রমবাজারে বাংলাদেশি কর্মীদের সুযোগ বাড়াতে প্রশিক্ষণ, জাপানি ভাষা শিক্ষা ও দেশটির সংস্কৃতি সম্পর্কে ধারণা দিয়ে জনশক্তি পাঠানোর ওপর গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। একই সঙ্গে জাপানি ভাষায় দক্ষ প্রবাসীদের দেশের শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখার আহ্বান জানান।

সভায় সভাপতিত্ব করেন জাপান বিএনপির সভাপতি মীর রেজাউল করিম রেজা। এতে প্রবাসী বাংলাদেশি নেতাকর্মী ও কমিউনিটির প্রতিনিধিরা অংশ নেন।